



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নির্মাণ অধিশাখা

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৬.২০.০২৫.২০-২৪৪


তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পটুয়াখালী জেলার দুমকী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণের নিমিত্ত অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণের অর্থ বরাদ্দ

সূত্রঃ সিভিল সার্জন, পটুয়াখালী এর পত্র নং- ১০৪১, তারিখ- ১৫/০৩/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে পটুয়াখালী দুমকী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণের নিমিত্ত অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণ বাবদ সম্ভাব্য মূল্য নির্ধারণপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত প্রাক্কলনে জেলা প্রশাসকের স্বাক্ষর না থাকায় এবং প্রাক্কলনটি সম্ভাব্য মর্মে উল্লেখ করায় অসম্পূর্ণ প্রতীয়মান হয়।

২। এমতাবস্থায়, পটুয়াখালী জেলার দুমকী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণের নিমিত্ত অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণের ত্রুটিমুক্ত প্রাক্কলন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুহাম্মদ শাহাদত হন্দকার)
উপসচিব
ফোন- ৯৫৭৭৯৮৯

সিভিল সার্জন
পটুয়াখালী

অনুলিপিঃ

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, পটুয়াখালী
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ [পত্রটি মন্ত্রণালয়ে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]